# প্রচারণার শেষ দিনে ঢাকার ৮ স্থানে পথসভায় তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

নির্বাচনী প্রচারের শেষ দিন সোমবার (৯ ফেব্রুয়ারি) রাজধানীর বিভিন্ন এলাকায় টানা পথসভায় অংশ নেবেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। নিজের নির্বাচনী এলাকা ছাড়াও ঢাকা মহানগর দক্ষিণের সাতটি সংসদীয় আসন মিলিয়ে মোট আটটি স্থানে তিনি বক্তব্য রাখবেন।

দিনের সূচনা হবে সকাল ১১টায় ঢাকা-১৭ আসনের বনানী কামাল আতাতুর্ক অ্যাভিনিউ সংলগ্ন খেলার মাঠে পথসভার মাধ্যমে। এরপর দুপুর ১২টায় ঢাকা-১০ আসনের কলাবাগান ক্রীড়া চক্র মাঠে, বেলা ১টায় ঢাকা-৮ আসনের পীরজঙ্গী মাজার রোডে তিনি বক্তব্য দেবেন।

পরে বেলা ২টায় ঢাকা-৯ আসনের মান্ডা তরুণ সংঘ মাঠ, বিকেল ৩টায় ঢাকা-৫ আসনের যাত্রাবাড়ী শহীদ ফারুক রোড, বিকেল ৪টায় ঢাকা-৪ আসনের জুরাইন-শ্যামগঞ্জ রোড, বিকেল ৫টায় ঢাকা-৬ আসনের ধুপখোলা মাঠে পথসভা করবেন তিনি। দিনের শেষ আয়োজন থাকবে সন্ধ্যা ৬টায় ঢাকা-৭ আসনের লালবাগ বালুর মাঠে।

LENS ASIA